24

দৈনিক সংবাদ

তারিখ ... 29 MAY 1995 ...
পৃষ্ঠা ৫ কলাম ১

### ১৮ হাজার ছেলেমেয়ে স্কুলে যায় না

# শরীয়তপুরে ১০ বছরে সরকারি প্রাথমিক বিদ্যালয় বেড়েছে মাত্র ১৪টি

শরীয়তপুর, ২৮শে মে (নিজস্ব সংবাদদাতা)।– শরীয়তপুরে গত দশ বছরে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সংখ্যা কয়েক গুণ বৃদ্ধি পেলেও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা তেমন বাড়েনি। গত ১০ বছরে এ জেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয় বেড়েছে মাত্র ১৪টি। শরীয়তপুরে ১৯৮৪ সালে সরকারি প্রাথমিক বির্দ্যালয়ের সংখ্যা ছিল ৩শ' ৮২টি। এর মধ্যে সদর থানায় ৭২টি, নড়িয়া থানায় ৮৭টি, ভেদরগঞ্জ থানায় ৮৪টি, জাজিরা থানায় ৫৬টি, ডামুড্যা থানায় ৪৩টি ও গোসাইরহাট থানায় ৪৩টি, ১৯৯৫ সালের এপ্রিল পর্যন্ত ১৪টি বৃদ্ধিপ্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা দাঁড়িয়েছে ৩শ' ৯৬টি। এর মধ্যে সদর থানায় ৭৪টি, নড়িয়া থানায় ৮৯টি। ভেদরগঞ্জ থানায় ৮৭টি জাজিরা থানায় ৫৪টি, ডামুড্যা থানায় ৪৫টি ও গোসাইরহাট থানায় ৪৫টি এবং বেসরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে ৭৪টি, একটি সূত্র থেকে বলা হয়েছে, শরীয়তপুর জেলার ৬টি থানায় পরিচালিত শিশু জরিপ অনুযায়ী ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণীতে পড়াশোনার উপযোগী ১৭ হাজার ৯শ' ৬৬ জন ছেলেমেয়ে এখনো বিদ্যালয়ে যাচ্ছে না। এর মধ্যে ৩য় শ্রেণীতে পড়াশুনার উপযোগী বয়সের ছেলেমেয়ের সংখ্যা ৯ হাজার ৮শ' ৩২, ৪র্থ শ্রেণীতে পড়াশুনার উপযোগী বয়সের ছেলেমেয়ের সংখ্যা ৩ হাজার ৯শ' ৯২ জন এবং ৫ম শ্রেণীতে পড়াশুনার উপযোগী বয়সের ছেলেমেয়ের সংখ্যা রয়েছে ৪ হাজার ১শ' ৪২।